

স্মারক নংঃ ৪০০/এফআরসি/২০২৬/৮৮

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩৩
১১ আগস্ট, ২০২৬

রিভিউ আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষের আপীল আবেদন শুনানী ও নিষ্পত্তির জন্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৫৩ ও ৫৪ এর বিধান অনুযায়ী প্রস্তুতকৃত “হিসাবরক্ষণ ও নিরীক্ষা আপীল কর্তৃপক্ষ বিধিমালা, ২০২৬” বর্তমানে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

৩৮তম কাউন্সিল সভার সিদ্ধান্ত মোতাবেক আপীল কর্তৃপক্ষের অবর্তমানে কাউন্সিল কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কোন পক্ষ সংশ্লিষ্ট হলে উক্ত সংশ্লিষ্ট পক্ষ কাউন্সিলের চেয়ারম্যান বরাবর রিভিউ আবেদন দাখিল করতে পারবে এবং কাউন্সিল পর্যালোচনা করে উক্ত আবেদন নিষ্পত্তি করবেন।

উল্লেখ্য যে, এই বিজ্ঞপ্তি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন “হিসাবরক্ষণ ও নিরীক্ষা আপীল কর্তৃপক্ষ বিধিমালা, ২০২৬” চূড়ান্ত না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কাউন্সিলের আদেশক্রমে


ড. মোঃ সাদ্দ হোসেন ভূইয়া
চেয়ারম্যান ও সভাপতি
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল